

মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের পর এবার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকেও খুলে দেওয়ার প্রস্তুতি নিতে নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল রোববার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে সব জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দিয়ে চিঠি দেওয়া হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (পলিসি ও অপারেশন) মনীষ চাকমা স্বাক্ষরিত এ আদেশে আগামী ৪ ফেব্রুয়ারির মধ্যে বিদ্যালয় খুলে দেওয়ার প্রস্তুতি নিতে নির্দেশ দেওয়া হয়েছে।